# ফাঁসির রায় কার্যকর করতেই দেশে ফিরবেন শেখ হাসিনা: নাহিদ ইসলাম



নাহিদ ইসলাম। ছবি: সংগৃহীত

গণঅভ্যুত্থানের পর ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার সম্ভাব্য দেশে ফেরা নিয়ে চলমান আলোচনা প্রসঙ্গে এনসিপির আহ্বায়ক ও বিরোধীদলের চিফ হুইপ নাহিদ ইসলাম বলেছেন, বিষয়টি রাজনৈতিক প্রচারণার অংশ হিসেবেও দেখা যেতে পারে। তার মতে, শেখ হাসিনা দেশে ফিরলে তা হবে তার বিরুদ্ধে থাকা মামলাগুলোর রায় বাস্তবায়নের উদ্দেশ্যে।

শুক্রবার (১০ জুলাই) রাজধানীতে ন্যাশনাল এসএমই অ্যাসোসিয়েশনের এক আলোচনা সভা ও সম্মাননা প্রদান অনুষ্ঠানে তিনি এসব মন্তব্য করেন।

নাহিদ ইসলাম বলেন, শেখ হাসিনার দেশে প্রত্যাবর্তনের বিষয়টি কোনো ব্যক্তি বা রাজনৈতিক দলের সিদ্ধান্তের ওপর নির্ভরশীল নয়; বরং এটি বাংলাদেশ ও ভারতের মধ্যকার আইনি ও কূটনৈতিক প্রক্রিয়ার সঙ্গে সংশ্লিষ্ট।

LENS ASIA

তিনি সরকারের প্রতি প্রয়োজনীয় কূটনৈতিক উদ্যোগ গ্রহণের আহ্বান জানিয়ে বলেন, শেখ হাসিনাকে দেশে ফিরিয়ে এনে আইনের আওতায় বিচারিক প্রক্রিয়া সম্পন্ন করা রাষ্ট্রের দায়িত্ব।

এনসিপি আহ্বায়ক আরও বলেন, গণঅভ্যুত্থান সংশ্লিষ্ট মামলাগুলোর বিচার ও রায় কার্যকর হলে তা দেশের রাজনৈতিক স্থিতিশীলতা প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। একই সঙ্গে আওয়ামী লীগের সম্ভাব্য রাজনৈতিক পুনর্গঠনের যেকোনো প্রচেষ্টা জনগণ মোকাবিলা করবে বলেও মন্তব্য করেন তিনি।